



TATA RYERSON LIMITED

(100%)

পূর্বে কম গুরুত্ব টাটা রায়াসনের

নিজস্ব সংবাদদাতা: ব্যবসা বাড়াতে পূর্বাঞ্চলের তুলনায় উত্তর ও পশ্চিম ভারতকেই বেশি গুরুত্ব দিচ্ছে টাটা রায়াসন। উত্তরাঞ্চলে ৯৫ কোটি টাকা লগ্নিতে হচ্ছে নয়া উৎপাদন কেন্দ্র। কারখানাটি মূলত উৎপাদন শিল্পকে গাড়ি ও তার যন্ত্রাংশ জোগাবে।

সংস্থার এম ডি সন্দীপন চক্রবর্তী জানান, পূর্বাঞ্চলে শিল্পায়নের হার বাড়লেও উত্তর, পশ্চিম ও দক্ষিণের তুলনায় তা অনেক কম। তবে টাটার ছোট গাড়ির কারখানার কাছে টাটা রায়াসনের কারখানা গড়ার সম্ভাবনা উড়িয়ে দেননি তিনি। গত অর্ধবর্ষে ৭৫৪ কোটি টাকার ব্যবসা ২০০৮-এ দ্বিগুণ করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। ব্যবসা বাড়াতে ১০০ কোটি টাকার বেশি বিনিয়োগ করছে তারা।